



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ২৮-০১-২০২৩

পাবপ্রবিতে দুইদিনব্যাপী আন্তঃবিশ্ববিদ্যালয় আইটি ফেয়ার শুরু

(২৮-০১-২০২৩)ঃ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আজ শনিবার থেকে দুইদিনব্যাপী আন্তঃবিশ্ববিদ্যালয় আইটি ফেয়ার শুরু হয়েছে। সকালে আইটি ফেয়ার উদ্বোধন করেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এর উদ্যোক্তা। সকালে বিভাগের সেমিনার কক্ষে আইটি ফেয়ারের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। সেখানে দিনব্যাপী প্রজেক্ট প্রদর্শনী চলে।



এদিকে দ্বিতীয় সেশনে গ্যালারী-২ 'বাইয়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং এন্ড নিউরোইমেজিং : কারেন্ট পার্সপেকটিভ এন্ড পটেনশিয়াল' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। এতে সেমিনার বক্তা হিসেবে উপস্থিত ছিলেন অস্ট্রেলিয়ার সিডনি বিশ্ববিদ্যালয়ের মেডিসিন এন্ড হেলথ ফ্যাকাল্টির শিক্ষক টনিমা এস আলী। সেমিনারের প্রধান অতিথি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, বর্তমান বিশ্ব ব্যবস্থার জন্য বিশ্ববিদ্যালয়ের আইটি ফেয়ার খুবই গুরুত্বপূর্ণ। এতে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করছেন। এর মাধ্যমে ছাত্রছাত্রীদের সৃজনশীলতা বৃদ্ধি পাবে। আমরা নতুন নতুন গবেষণা পাবো। তাদের হাত ধরে এগিয়ে যাবে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে বিশ্ববিদ্যালয় উপাচার্য পরিষদের স্ট্যান্ডিং কমিটির সভার উল্লেখ করে উপাচার্য বলেন, মাননীয় প্রধানমন্ত্রী পাবনা বিজ্ঞান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সুষ্ঠু পরিবেশ, গবেষণা, শিক্ষার মান উন্নয়নসহ সামগ্রিক উন্নয়ন কর্মকাণ্ডে উচ্ছসিত প্রশংসা করেছেন। এটা আমাদের সামনে পথ চলার জন্য বড় অনুপ্রেরণা। আমরা সবাইকে নিয়ে বিশ্ববিদ্যালয়কে উচ্চস্তরে পৌঁছে দেব।

বিশেষ অতিথি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোস্তফা কামাল খান বলেন, আগামী বাংলাদেশ, স্মার্ট বাংলাদেশ গড়ার পিছনে শিক্ষার্থীদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের আরো দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. কেএম সালাহ উদ্দিন বলেন, ২০৪১ সালে যে বাংলাদেশ গড়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী কাজ করছেন তাতে এই ধরনের আইটি ফেয়ার খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য যে দক্ষ মানবসম্পদ দক্ষ তা এর মাধ্যমে বের হয়ে আসবে।

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. আব্দুর রহিমের সভাপতিত্বে সেমিনারের মূল বক্তা টনিমা এস আলী মূলত নিউরোইমেজ নিয়ে কাজ করেন। তার গবেষণা কর্ম ব্রেনের এম আর আই ফাংশান। তিনি প্রজেক্টরের মাধ্যমে মানব শরীরের বিশেষ করে ব্রেনের বিভিন্ন অংশের কাজের বর্ণনা দেন। এসময় ফাস্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশের সাবেক উপাচার্য হযরত আলীসহ বিভিন্ন অনুষ্ঠানের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর কামাল হোসেন, সিনিয়র শিক্ষক, কর্মকর্তা ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সম্বলনা করেন বিভাগীয় শিক্ষক নিতুন কুমার পোদ্দার। সেমিনার বক্তাকে সম্মাননা স্মারক তুলে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন।

প্রসঙ্গত, আইটি ফেয়ারের শেষ দিনে আজ রোববার প্রোগামিং কনটেস্ট, আইকিউ কুইজ, ফেয়ার ওয়েল, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন রয়েছে।

বার্তা প্রেরক-

স্বাক্ষরিত/-

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ-পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।